CUET, KUET ও RUET - এর ১ম বর্ষ/লেভেল-১ সমন্বিত ভর্তি পরীক্ষা
শিক্ষাবর্ষ: ২০২১-২০২২

৩য় পর্যায়ে ভর্তি প্রক্রিয়া সংক্রান্ত বিজ্ঞপ্তি

চুয়েট, কুয়েট ও রুয়েট এর বিভিন্ন বিভাগে স্নাতক ১ম বর্ষ/লেভেল-১ (শিক্ষাবর্ষ ২০২১-২০২২) এর ভর্তির জন্য গত ১১ আগস্ট ২০২২ খ্রিঃ তারিখে প্রকাশিত মেধা তালিকা অনুযায়ী ১ম এবং ২য় পর্যায়ের ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করা হয়। ২য় পর্যায়ের ভর্তির পর আসন খালি থাকায় নিম্নোক্ত মেধাক্রমধারী শিক্ষার্থীদের আগামী ০৫/১২/২০২২ ইং তারিখে ভর্তির জন্য সনদপত্র সমূহ ও প্রয়োজনীয় ডকুমেন্টস যাচাই এর জন্য নিরীক্ষা কমিটি এবং স্বাস্থ্য পরীক্ষার জন্য চিকিৎসা বোর্ড এর নিকট উপস্থিত হওয়ার জন্য বলা হলো।

আসনের বিবরণ / মেধা তালিকা		ইঞ্জিনিয়ারিং বিভাগসমূহ এবং নগর ও অঞ্চল পরিকল্পনা বিভাগ	স্থাপত্য বিভাগ	তারিখ ও সময়
নির্ধারিত আসনের মেধা তালিকা		মেধাক্রম ৩৯০১ – ৪২০০	-	০৫/১২/২০২২ খ্রিঃ সোমবার সকাল ৯.০০ টা হতে দুপুর ১২.০০ টা
সংরক্ষিত আসনের মেধা তালিকা	-			
ভর্তির জন্য সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয়ের নির্দেশিত ব্যাংকে ভর্তি ফি জমা প্রদান				০৬/১২/২০২২ খ্রিঃ মঙ্গলবার সকাল ১০.০০ টা হতে বিকাল ০৩.০০ টা

উপরোক্ত ছক অনুযায়ী মেধাক্রমের ভিত্তিতে নিরীক্ষা কমিটির নিকট উপস্থিত শিক্ষার্থীদের আসন খালি থাকা সাপেক্ষে ভর্তি করা হবে। আসন সংখ্যার চেয়ে বেশি শিক্ষার্থী উপস্থিত হলে উপস্থিত শিক্ষার্থীদের মধ্য হতে মেধাক্রম অনুযায়ী একটি অপেক্ষমাণ তালিকা সংরক্ষণ করা হবে। পরবর্তীতে উক্ত তালিকা হতে আসন খালি হওয়া সাপেক্ষে ভর্তির জন্য শিক্ষার্থীদের পর্যায়ক্রমে ডাকা হবে।

শিক্ষার্থীদের করণীয়:

- উপরোক্ত ছকে উল্লেখিত মেধাক্রমধারী শিক্ষার্থীদেরকে অনলাইনে পূরণকৃত "Department Choice Form" এর এক কপি (প্রিন্টেড) ভর্তির সময় নিয়ে আসতে হবে। ভর্তির দিন নিরীক্ষা বোর্ডের সামনে কোন প্রকার ভুল ত্রুটি থাকলে সংশোধন করা যাবে।
- ভর্তি কার্যক্রম চুয়েট, কুয়েট ও রুয়েট কেন্দ্র সমূহে একযোগে অনুষ্ঠিত হবে। প্রার্থী যে কেন্দ্রে ভর্তি পরীক্ষায় অংশ নিয়েছে উক্ত কেন্দ্রেই উপস্থিত হয়ে ভর্তির জন্য প্রয়োজনীয় কার্যক্রম সম্পন্ন করতে হবে।
- নিরীক্ষা কমিটি দ্বারা প্রার্থীদের সনদপত্র যাচাইপূর্বক জমাদানের পর ঐ দিনই স্বাস্থ্য পরীক্ষা করা হবে। পরের দিন সকালে প্রাপ্ত বিশ্ববিদ্যালয় ও প্রাপ্ত বিভাগ দেখে ভর্তির জন্য নির্ধারিত ফি ১৮,৫০০/- টাকা সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয়ের নির্দেশিত ব্যাংকে বিকাল ০৩:০০ ঘটিকার মধ্যে জমা দিতে হবে।

ভর্তির সময় প্রার্থীকে অবশ্যই নিম্নবর্ণিত সনদপত্রাদি নিরীক্ষা কমিটির নিকট দাখিল করতে হবে:

১. শিক্ষা বোর্ড কর্তৃক প্রদত্ত এইচ. এস. সি বা সমমান পরীক্ষার রেজিস্ট্রেশন কার্ড এবং পরীক্ষার প্রবেশপত্র।
২. মাধ্যমিক বা সমমানের পরীক্ষার মূল সনদপত্র।
৩. মাধ্যমিক বা সমমানের পরীক্ষার গ্রেডশীট এর মূলকপি।
৪. উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষার সর্বশেষ শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান কর্তৃক প্রদত্ত প্রশংসা পত্রের মূলকপি।
৫. উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষার গ্রেডশীট এর মূলকপি।
৬. সমন্বিত ভর্তি পরীক্ষার প্রবেশপত্র।
৭. সদ্য তোলা (অনধিক ০৩ মাস) ২ (দুই) কপি পাসপোর্ট সাইজের রঙ্গিন ছবি (সত্যায়ন ব্যতীত)।

স্বাস্থ্য পরীক্ষা:

প্রার্থী যে বিশ্ববিদ্যালয়ে ভর্তি হবে প্রার্থীকে সেই বিশ্ববিদ্যালয়ের স্বাস্থ্য কর্মকর্তাদের সমন্বয়ে গঠিত চিকিৎসা বোর্ড কর্তৃক স্বাস্থ্য পরীক্ষা করাতে হবে। স্বাস্থ্য পরীক্ষায় যদি হৃদরোগ, দৃষ্টি কিংবা শ্রবণ শক্তির ত্রুটি অথবা কোন প্রকারের শারীরিক বা মানসিক অক্ষমতা ধরা পড়ে, যার ফলে বিশ্ববিদ্যালয়ে অধ্যয়ণ অথবা পেশাগত কার্যনির্বাহে অসুবিধা হতে পারে বলে ভর্তি কমিটির নিকট প্রতীয়মান হয় তাহলে তাকে ভর্তির জন্য অনুপযুক্ত বলে গণ্য করা হবে। স্বাস্থ্য পরীক্ষার নিমিত্তে প্রতিষ্ঠিত ডায়াগোনষ্টিক সেন্টার থেকে ব্লাড গ্রুপের টেষ্ট রিপোর্ট আনতে হবে। প্রয়োজনবোধে চিকিৎসা বোর্ডের সিদ্ধান্ত অনুযায়ী প্রয়োজনীয় মেডিক্যাল টেষ্ট রিপোর্ট যথাসময়ে দাখিল করতে হবে। মেডিকেল টেষ্টের দিন চশমা ব্যবহারকারী ছাত্র-ছাত্রীদের অবশ্যই চশমা সঙ্গে আনতে হবে।

ভর্তি সম্পর্কিত অন্যান্য প্রয়োজনীয় তথ্যাবলী:

- প্রার্থীর মেধাস্থান এবং পছন্দক্রম অনুসারে বিশ্ববিদ্যালয় ও বিভাগ নির্ধারণ করা হবে যা ভর্তির দ্বিতীয় দিন (০৬/১২/২০২২ খ্রিঃ মঙ্গলবার) বেলা ১০:০০ টার মধ্যে ওয়েব সাইটে দেয়া হবে।
- ভর্তিকৃত প্রার্থীর প্রাপ্ত বিশ্ববিদ্যালয় ও বিভাগ, মোট শূন্য আসন সংখ্যা এবং পরবর্তী ভর্তির জন্য নির্বাচিত প্রার্থীদের তালিকা পরবর্তীতে ওয়েব সাইটে দেয়া হবে।
- আসন খালি থাকা স্বাপেক্ষে ওরিয়েন্টশনের পূর্বের দিন পর্যন্ত ভর্তি প্রক্রিয়া চলমান থাকবে। ভর্তি বাতিল জনিত কারণে কোন আসন শূন্য হলে প্রার্থীর মেধাস্থান ও পছন্দক্রম অনুসারে Automigration চলবে।
- ভর্তি প্রক্রিয়া চলাকালীন সময়ে প্রার্থী তার Dashboard এ লগ ইন করে Automigration বন্ধ করার আবেদন করতে পারবে। আবেদনের সময়ে নির্ধারিত ফরম পূরণ করে আপলোড করতে হবে। Automigration একবার বন্ধ করলে আর চালু করা যাবে না।
- প্রার্থী যে বিশ্ববিদ্যালয়েই ভর্তি হোক না কেন প্রার্থীর মেধাস্থান ও পছন্দক্রম অনুসারে সর্বশেষ Automigration সম্পন্ন হওয়ার পর প্রাপ্ত বিশ্ববিদ্যালয় ও বিভাগেই ক্লাস শুরু করতে হবে।
- ভর্তিকৃত কোন প্রার্থীর ভর্তি বাতিল করতে হলে ভর্তি বাতিলের নিয়মাবলী মেনে শেষ ভর্তির পূর্বের দিন পর্যন্ত ভর্তিকৃত বিশ্ববিদ্যালয় (যে বিশ্ববিদ্যালয়ে ভর্তির কাগজপত্রাদি জমা দিয়েছে) হতে ভর্তি বাতিল করতে পারবে। ক্লাস শুরুর পর ভর্তি বাতিল করতে হলে স্ব স্ব বিশ্ববিদ্যালয়ের নিয়মানুযায়ী করতে হবে।
- অনিবার্য কারণবশতঃ ভর্তির তারিখসমূহ পরিবর্তন করা হলে, সমন্বিত ভর্তি পরীক্ষার ওয়েবসাইট https://admissionckruet.ac.bd এর মাধ্যমে প্রকাশ করা হবে।
- ভর্তি সংক্রান্ত কোন তথ্য জানার জন্য অফিস চলাকালীন সময়ে ০১৭৫৯১২৩১০৩ (চুয়েট), ০১৭৯৯২৭৩৬৫৫ (কুয়েট) এবং ০১৭৭৪৮২০৮৩৩ (রুয়েট) নম্বরে যোগাযোগ করা যাবে।

(প্রফেসর ড. মোহাম্মদ আবু ইউসুফ)
সদস্য-সচিব
Central Admission Committee (CAC)
CUET, KUET ও RUET স্নাতক ১ম বর্ষ/লেভেল-১ সমন্বিত ভর্তি পরীক্ষা
শিক্ষাবর্ষ ২০২১-২০২২

(প্রফেসর ড. মোঃ শাহজাহান)
সভাপতি
Central Admission Committee (CAC)
CUET, KUET ও RUET স্নাতক ১ম বর্ষ/লেভেল-১ সমন্বিত ভর্তি পরীক্ষা
শিক্ষাবর্ষ ২০২১-২০২২